ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬৪৫

ধর্মনগর, ৩০ আগস্ট, ২০২৫

**প্রি-কনসেপশন এন্ড প্রি-ন্যাটাল ডায়াগনস্টিক টেকনিক বিষয়ে ধর্মনগরে সভা অনুষ্ঠিত**

প্রি-কনসেপশন এন্ড প্রি-ন্যাটাল ডায়াগনস্টিক টেকনিক (রেজিস্ট্রেশন এন্ড প্রিভেনশন অব মিসইউজ) অ্যাক্ট ১৯৯৪ সম্পর্কিত বিষয়ে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক উপদেষ্টা কমিটির এক সভা আজ ধর্মনগরে অনুষ্ঠিত হয়। এই উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথের সভাপতিত্বে জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহর্তা চাঁন্দনী চন্দ্রন, সিএমও ডা. দীপক চন্দ্র হালদার, উত্তর জেলা হাসপাতালের স্ত্রী রোগ বিশেষজ্ঞ ডা. অংকিতা ভট্টাচার্য, জেলা হাসপাতালের শিশু রোগ বিশেষজ্ঞ ডা. সায়ন কুমার দাস সহ উপদেষ্টা কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ। সভায় জেলায় নতুনভাবে আলট্রাসাউন্ড ক্লিনিকের রেজিস্ট্রেশন ও আগে থেকেই চালু কিছু আলট্রাসাউন্ড ক্লিনিকের রেজিস্ট্রেশন নবীকরণ করার অনুমোদন দেওয়া হয়। জেলার আলট্রাসাউন্ড ক্লিনিকগুলিতে যে ভ্রুণের লিঙ্গ নির্ধারণ কোনভাবেই করা হচ্ছেনা এই সংক্রান্ত রিপোর্ট নিয়মিতভাবেই স্বাস্থ্য দপ্তরে জমা করা হচ্ছে বলে সভায় জানানো হয়।

******